

তথ্যবিবরণী

নম্বর:৮৭

ময়মনসিংহ বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (রবিবার, ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রি.);

আজ মঙ্গলবার (২৬ ডিসেম্বর) সকালে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলনকক্ষে বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সভায় বিভাগীয় দপ্তরগুলোর নির্বাচন সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কে আলোচনাকালে অধিক গুরুত্বারোপ করা হয়।

ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালামা তানজিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ময়মনসিংহ বিভাগীয় বিভিন্ন দপ্তরের প্রধানগণ নিজ নিজ দপ্তরের কার্যক্রম ও তার বাস্তবায়ন সম্পর্কে অবগত করেন। বিভাগীয় কমিশনার এসময় নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

সভায় এলজিইডি বিভাগকে ভোটকেন্দ্রের সাথে সংশ্লিষ্ট সড়কগুলো অধিক গুরুত্বপূর্ণ বিধায় সেগুলোকে অগ্রাধিকার দিয়ে সড়ক মেরামতের তাগিদ দেয়া হয়। বিভাগের যেকোনো ভোটকেন্দ্রের পাশে আলোর অভাব থাকলে নিরাপত্তাজনিত কারণে সে স্থানে বিদ্যুৎ/আলোর ব্যবস্থা করতে বিদ্যুৎ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। ভোটকেন্দ্রে অগ্নিসন্ত্রাস হতে পারে সে সম্ভাবনাকে সামনে রেখে যেকোনো রকমের দুর্ঘটনা মোকাবিলায় ফায়ার সার্ভিসকে প্রস্তুত থাকতে বলা হয়। এছাড়াও ভোটের আগেই ভোটকেন্দ্রের ওয়াসব্লক ঠিক ও শৌচাগারগুলোকে কার্যকর করতে এবং যেহেতু স্কুলগুলোতে নির্বাচনী কেন্দ্র হচ্ছে, সেহেতু ০৩-০৪ জানুয়ারির মধ্যে বই বিতরণ কার্যক্রম সম্পন্ন করতে বলা হয়। ৮টার পর যাতে নির্বাচনী মাইক না বাজে, সে বিষয়টি লক্ষ্য রাখতে রিটার্নিং কর্মকর্তাসহ নির্বাচন সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।

সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জানান, রোপা আমনের কর্তন সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রার চেয়ে উৎপাদন বেশি হয়েছে। এবছর সরিষা ও ভুট্টার আবাদ বেড়েছে। অনাবাদি ভূমিকে ক্রমান্বয়ে আবাদের আওতায় আনা হচ্ছে। মৎস্যচাষীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে, মৎস্য হ্যাচারিগুলোকে পর্যবেক্ষণের আওতায় আনা হচ্ছে বলে মৎস্য বিভাগের কর্মকর্তা জানান। এ সময় বিভাগীয় কমিশনার ছোটমাছ চাষ ও উৎপাদনের সক্ষমতাবৃদ্ধি এবং ছোটমাছের অভয়াশ্রম তৈরীর জন্য নির্দেশনা প্রদান করেন। পরিবেশ দূষণের ব্যাপারে বিভিন্ন অফিস অসাধারণ জনগণকে সচেতন করতে পরিবেশ অধিদপ্তরকে আরো ভূমিকা রাখতে বলেন। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা জানান, জামালপুর ও শেরপুরে অস্ত্রাগার নির্মাণের প্রকল্প প্রাথমিক পর্যায়ে আছে। ট্রেনিংসেড নির্মাণের কাজ এগিয়ে চলেছে। নির্বাচনকে সামনে রেখে নাশকতা ঠেকাতে আনসারী ভূমিকা গুরুত্বপূর্ণ হবে বলে এ সময় বিভাগীয় কমিশনার উল্লেখ করেন।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ আজিজুর রহমানের সঞ্চালনায় সমন্বয় সভায় স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমেদ, পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, বিভাগীয় আনসার ও ভিডিপি অফিসের উপমহাপরিচালক ড. মো. সাইফুর রহমানসহ ময়মনসিংহের বিভাগীয় পর্যায়ের বিভিন্ন অফিসের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

রিদওয়ান/দেওয়ান/মনির/হদা/রেজভী ২০২৩/১৩.১৫ ঘন্টা

#